



কাবিখা ০১নং প্রকল্প বাস্তবায়ন কমিটি:

- ১। মো: সামছুর রহমান- ইউপি সদস্য- সভাপতি
- ২। মোছা: কহিনুর বেগম- ইউপি সদস্য- সদস্য সচিব
- ৩। ইউনুস আলী -ইমাম -সদস্য
- ৪। মুনসুর আলী -শিক্ষক -সদস্য
- ৫। আল আলাউদ্দীন -গণ্যমান্য ব্যক্তি- সদস্য

কাবিখা ০২নং প্রকল্প বাস্তবায়ন কমিটি:

- ১। রফিকুল ইসলাম, ইউপি সদস্য -সভাপতি
- ২। কহিনুর বেগম-ইউপি সদস্য -সদস্য সচিব
- ৩। মোহাম্মদ আলী -সমাজকর্মী -সদস্য
- ৪। শাহিনা খাতুন -শিক্ষক-সদস্য
- ৫। কামরুল ইসলাম -ইমাম-সদস্য

ষষ্ঠ আলোচ্যসূচি: মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরে ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরে ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে অবহিত করে বলেন, আলোচ্য কর্মসূচির আওতায় অত্র ইউনিয়নে প্রতি মাসে ছয়জন গর্ভবতী নারী ভাতার তালিকায় অন্তর্ভুক্ত হবেন। ভাতাভোগীদের অব্যাহত জাতীয় পরিচয়পত্র ও পরিবার পরিকল্পনা দপ্তরের এএনসি কার্ড থাকতে হবে। এবং বয়স ২০ থেকে ৩৫ বছরের মধ্যে ও প্রথম বা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে। আবেদনকালীন সময়ে চার থেকে ছয় মাসের গর্ভাবস্থা হতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং দুস্থ ও অসহায় পরিবারের গর্ভবতী নারীরা যাতে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাপ্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পায়, সে বিষয়ে প্রস্তাবনা পেশ করেন। সভায় সর্বসম্মতিক্রমে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরে ভাতাভোগী নির্বাচনে দুস্থ ও অসহায় পরিবারের গর্ভবতী নারীদের অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সপ্তম আলোচ্যসূচি: ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে ২,৩৫,৩২২/- (দুই লাখ পয়ত্রিশ হাজার তিনশত বাইশ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ ক্ষেত্রে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

কাবিটা প্রকল্প তালিকা

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দ | ওয়ার্ড নং |
|------|---------------------------|------------|------------|
| ০১ | বল্লী এতিমখানার মাটি ভরাট | ২,৩৫,৩২২/- | ২ |

কাবিটা ০১নং প্রকল্প বাস্তবায়ন কমিটি:

- ১। মো: সামছুর রহমান- ইউপি সদস্য- সভাপতি
- ২। ইউনুস আলী-ইমাম -সদস্য সচিব
- ৩। মোছা: কহিনুর বেগম- ইউপি সদস্য- সদস্য
- ৪। মুনসুর আলী -শিক্ষক -সদস্য
- ৫। আল আলাউদ্দীন -গণ্যমান্য ব্যক্তি- সদস্য

অষ্টম আলোচ্যসূচি: ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে বরাদ্দকৃত নগদ অর্থে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২২-২৩ অর্থবছরে টিআর ২য় পর্যায়ে একানব্বই হাজার ছয়শত তিরানব্বই টাকা (৯১৬৯৩/-) বরাদ্দ পাওয়া গেছে। এ ক্ষেত্রে প্রকল্প গ্রহণ

Wan